# ইংরেজীতে পরিচিত হওয়া ও প্রশ্নোত্তর

## পঞ্চম শ্রেণী

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা,




আমার নাম টিকলি আর আমার পাশেই আছে আমার বন্ধু ডোরা। আমরা দুই জনেই তোমাদের মতো পঞ্চম শ্রেণীতে পড়ি। চলো আজকে পাঠের মাধ্যমে তোমাদের সাথেও পরিচিত হবো।

আচ্ছা তোমরা কি নতুন কারো সাথে পরিচিত হতে পছন্দ করো? আমরা পছন্দ করি। কারন এর মাধ্যমে আমাদের নতুন নতুন বন্ধু হয়। এছাড়াও বিভিন্ন জায়গায় আমাদের নিজেদের পরিচয় দিতে হয়। যেমন ধরো তুমি খেলার মাঠে খেলতে গেলে এবং সেখানে তুমি নতুন কাউকে দেখলে তার কাছে নিজের পরিচয় দিলে এবং তার পরিচয়ও তুমি জানলে, তাহলেই তোমরা বন্ধু হতে পারবে এবং একসাথে খেলাধুলাও করতে পারবে।

আজকের ক্লাসে আমরা শিখে নিবো কীভাবে ইংরেজিতে শুভেচ্ছা আদান প্রদান করতে হয় এবং সহজে ইংরেজিতে নিজের পরিচয় দিতে হয়। আমরা আরো শিখে নিবো কিভাবে নিজের সম্পর্কে বিভিন্ন প্রশ্নোত্তর করতে হয়।

চলো প্রথমেই আমরা ডোরার কাছ থেকে ওর পরিচয় টা জেনে নেই। ডোরা বললো 'I am Dora. I am in class five. My school's name is Muradpur Primary School. I live in Chattogram. My favourite subject is Science.'

তাহলে আমরা জানতে পারলাম যে নিজেদের পরিচয় দিতে গেলে নিজের নাম ছাড়াও আরো কিছু তথ্য দিতে হতে পারে।

**অনুশীলন ১:** নিচের শূন্যস্থান গুলো পূরণের মাধ্যমে তুমি তোমার নিজের পরিচয়ের প্রয়োজনীয় উপাদান গুলো পেয়ে যাবে। চলো তাহলে কাজটি করা যাক: (প্রথমটি বুঝার সুবিধার্থে করে দেওয়া হলো)

## Hello! Good morning. This is me!



Hello! Good morning. My name is Ayesha Akter. I came from __________. I live in __________. I am in class ________. I am _________ years old. My father's name is ________. My mother's name is _________. My favourite colour is ________. I like to eat _________. I like to play ___________.

উপরের শূন্যস্থান গুলো তুমি তোমার তথ্য দিয়ে পূরণ করো এবং তুমি তোমার বাসার কারো সাথে নিজের পরিচয়ের বাক্যগুলো চর্চা করো। দেখবে তুমি তোমার পরিচয় ইংরেজিতে কত সুন্দর করে দিতে পারছো।

**WH প্রশ্নবোধক শব্দ:** এখন আমরা যখন কারো কাছে নিজের পরিচয় দিবো ঠিক তখনই আমরাও সেই ব্যক্তির সম্পর্কে এমন তথ্য গুলো জানতে চাইতে পারি। তাহলে তার জন্য আমাদের সেই ব্যক্তিকে কিছু প্রশ্ন করতে হবে এবং আমরা জেনেছি প্রশ্নবোধক শব্দ ব্যবহার করে সেই প্রশ্নগুলো কিভাবে করতে হয়। যেমন:

Who – কে?

Where – কোথায়?

How – কিভাবে?


What – কি?



Why – কেন?

When – কখন?

অর্থাৎ তুমি যদি কারো ঠিকানা জানতে চাও তাহলে তুমি বলবে 'Where do you live?' এখানে where – কোথায়, you - তুমি live - বাস করা। তাহলে অর্থ দাঁড়ালো 'তুমি কোথায় বাস করো?'। এই ভাবেই তোমরা প্রশ্নবোধক শব্দ ব্যবহার করে অন্যের সম্পর্কে জেনে নিতে পারবে। যেমন: Where do you study? Why are you going? How do you do it? What are you doing now? What is your favourite food? ইত্যাদি। নিচের অনুশীলনটি করার মাধ্যমে তোমাদের প্রশ্নোত্তর দক্ষতা বৃদ্ধি পাবে।

**অনুশীলন ২:** ডান পাশের প্রশ্নবোধক বাক্যের সাথে বাম পাশের উত্তরগুলো মিল করে খাতায় লিখো। উত্তর গুলো বুঝার স্বার্থে ছবি যুক্ত করা হয়েছে। প্রথমটি করে দেখানো হলো।

| | | | |
|---|---|---|---|
| What is your name? | | I live in Agrabad. |  |
| How are you? | | My name is Ayesha Akter. |  |
| How old are you? | | I am fine. |  |
| Where are you from? | | I am 10 years old. |  |
| Where do you live? | | My sister's name is Khadija Akter. |  |

| | | |
|---|---|---|
| What is your favourite subject? | | I am from Satkania.  |
| Who is your sister? | | My favourite subject is Science.  |

**অনুশীলন ৩:** নিচের বক্সে দেওয়া শুভেচ্ছা শব্দ গুলো মনোযোগ দিয়ে পড় এবং নিচের ঘরে শিরোনাম অনুযায়ী লিখো। বুঝার সুবিধার্থে একটি করে দেওয়া হলো।

| | |
|---|---|
| Hi, Have a good day, Hello, Good Morning, Nice to meet you, Good Noon, Good bye, Good Afternoon, Bye, See you later, Good night, Good evening | |
|  শুভেচ্ছা জানানোর ক্ষেত্রে ব্যবহৃত শব্দ গুলো উপর থেকে পাশের ঘরে লিখো- | Good Morning, |
|  বিদায় জানানোর ক্ষেত্রে ব্যবহৃত শব্দ গুলো উপর থেকে পাশের ঘরে লিখো- | |

চলো এখন আরও কিছু মজার কাজ করি। এর মাধ্যমে তোমরা নিজেদের আরও বিস্তারিত ভাবে উপস্থাপন করতে পারবে। ছকের নির্দেশনা অনুযায়ী কাজটি সম্পূর্ণ করো।

**অনুশীলন ৪:** নিচের বক্সের একদম বাম পাশের ঘরে কিছু কাজের নাম দেওয়া আছে। যদি তুমি কাজটি করতে পছন্দ করো তাহলে 'I like to' দিয়ে বাক্যটি সম্পূর্ণ করবে। আর যদি কাজটি করতে অপছন্দ করো তাহলে 'I don't like to' দিয়ে বাক্যটি সম্পূর্ণ করবে। প্রথমটি তোমার বুঝার জন্য করে দেওয়া হলো।

| | **I like to.......** | **I don't like to.......** |
|---|---|---|
| Listen music | I like to listen music. | |
| Draw | | |
| Dance | | |

| | | |
|---|---|---|
| Read | | |
| Play with my friends | | |
| Play computer games | | |

**অনুশীলন ৫:** নিচের ছকের নির্দেশনা অনুযায়ী কাজটি কর।

| | |
|---|---|
| Draw a picture of yourself here. | Draw a picture of your favourite animal here. |

আমরা তাহলে নিজেদের ইংরেজীতে পরিচয় দেওয়ার জন্য অনেক কিছু শিখে ফেললাম এবং সেই সাথে কোন প্রশ্নের উত্তর ও প্রশ্ন করাও শিখলাম। এখন তাহলে তোমরা তোমাদের পরিবারের কারো সাথে অথবা কোন বন্ধুর সাথে এই পরিচয় হওয়ার কথোপকথনটি অনুশীলন করতে পারো।

**অনুশীলন ৬:** চলো আমরা এখন একটি মজার কাজ করবো কাজটির নাম **'আমার জগৎ'**। তাহলে কাজটি করার আগে তুমি পাঁচ মিনিট চোখ বন্ধ করে বড় হয়ে কি হতে চাও সেটা দেখার চেষ্টা করবে। যেমন তুমি যদি একজন শিক্ষক হতে চাও তাহলে তুমি কেমন শিক্ষক হতে চাও তা দেখার চেষ্টা করবে। তাহলে প্রথমে আমরা চোখ বন্ধ করে আমাদের নিজেদের দেখার চেষ্টা করি।

তারপর আমরা আমাদের স্বপ্নকে রঙ পেন্সিলে আঁকবো। এইজন্য তুমি বড় হয়ে যা হতে চাও সেটা তুমি তোমার খাতায় আঁকবে এবং রঙ করবে। এরপর তুমি তোমার পরিবারের সবাইকে দেখাবে এবং ছবিটি তোমার পড়ার ঘরে লাগিয়ে রাখবে। প্রতিদিন তুমি যখন ছবিটি দেখবে তখন তোমার মানসিক শক্তি অনেক বৃদ্ধি পাবে তোমার স্বপ্নকে জয় করার জন্য।




**কন্টেন্ট লেখক:** অনিক চন্দ্র সাহা, ফেলো, ২০২০ কোহর্ট, টিচ ফর বাংলাদেশ